




ঃ বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় সরকারী নির্দেশনা অনুসরণে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে সকল ডীন, বিভাগীয় প্রধান, পরিচালক, সেন্টারসমূহের চেয়ারম্যান এবং রেজিস্ট্রার এর সমন্বয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তক্রমে আগামী ১৮/০৩/২০২০খ্রিঃ হতে ৩১/০৩/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল একাডেমিক কার্যক্রম (পরীক্ষাসহ) এবং আবাসিক হলসমূহ বন্ধ ঘোষণা করা হলো। ছাত্র-ছাত্রীদেরকে আগামীকাল (১৭/০৩/২০২০খ্রিঃ, মঙ্গলবার) বেলা ৩.০০ ঘটিকার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া হলো।

স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের চলমান ও পূর্বঘোষিত অসমাপ্ত পরীক্ষাসমূহ পরবর্তীতে গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ প্রচলিত পরীক্ষা নিয়মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-




(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ১৬/০৩/২০২০ খ্রিঃ।

স্মারক নং- চুয়েট/একা-৪৪/২০৮(৯)

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। সকল ডীন, চুয়েট।
- ২। সকল বিভাগীয় প্রধান/পরিচালক/সেন্টারসমূহের চেয়ারম্যান/হল প্রভোস্ট, চুয়েট। বিজ্ঞপ্তিটি তাঁর বিভাগ/দপ্তরের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহকারে।
- ৩। পরিচালক, ছাত্রকল্যান, চুয়েট। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
- ৪। সকল দপ্তর প্রধান/শাখা প্রধান, চুয়েট।
- ৫। পরিচালক, আইআইসিটি, চুয়েট। বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়েরওয়েব সাইটে Up-load করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
- ৬। সভাপতি, যানবাহন পরিচালনা কমিটি, চুয়েট। শিক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক বাস বরাদ্দ দেয়ার অনুরোধ সহকারে।
- ৭। পিএস টু ভিসি, চুয়েট। ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।
- ৯। সংরক্ষণ নথি।



সহকারী রেজিস্ট্রার ১৬/৩/২০২০
একাডেমিক ও ছাত্র বৃত্তি শাখা
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।